



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

## সরকারি ইন্দুরকানী কলেজ ইন্দুরকানী, পিরোজপুর।

EIIN : 102986 ; POST CODE : 5202 ; WEBSITE : [www.gic.ac.bd](http://www.gic.ac.bd) ; E-MAIL : [indurknicollege@gmail.com](mailto:indurknicollege@gmail.com) ; [gicpirojpur@gmail.com](mailto:gicpirojpur@gmail.com)

### ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য নির্দেশনা

সরকারি ইন্দুরকানী কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য বলা হলো :

০১। ভর্তির যোগ্যতা : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল কর্তৃক অনলাইনে প্রকাশিত তালিকায় যে সকল শিক্ষার্থী সরকারি ইন্দুরকানী কলেজে নির্বাচিত হয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থী এ কলেজে ভর্তির সুযোগ পাবে।

০২। ভর্তির তারিখ : ২২/০১/২০২৩ থেকে ২৬/০১/২০২৩ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন)

০৩। ভর্তি ফরম সংগ্রহ ও জমাদানের স্থান : কলেজের অনার্স ভবনের ২৬ নং কক্ষ।

০৪। ভর্তির আবেদনপত্রের সাথে শিক্ষার্থীর যে সকল কাগজপত্র সংযুক্ত করে জমা দিতে হবে :

ক) এসএসসি/সমমান পরীক্ষা পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও এর ০২ (দুই) টি ফটোকপি;

খ) এসএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ০১ (এক) টি ফটোকপি;

গ) এসএসসি/সমমান পরীক্ষা পাসের প্রশংসাপত্রের ০১ (এক) টি ফটোকপি; (মূল কপি প্রদর্শন করতে হবে);

ঘ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ১টি করে ফটোকপি;

ঙ) পিতা/মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ০১ (এক) টি ফটোকপি;

চ) অন-লাইন জন্ম নিবন্ধন সনদের ০১ (এক) টি ফটোকপি;

ছ) শিক্ষার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি ও স্ট্যাম্প সাইজের ২ কপি রঙিন ছবি। (পাসপোর্ট সাইজের ১ কপি ছবি আইকা গাম দিয়ে আবেদনপত্রের নির্ধারিত স্থানে লাগাতে হবে);

জ) ভর্তি ফি বাবদ অনলাইনের মাধ্যমে সোনালী ব্যাংকে টাকা জমা দানের রশিদ (কলেজ কপি)।

\*\* কোটায় ভর্তির সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের কোটার স্বপক্ষে প্রমাণপত্র দাখিল করতে হবে।

০৫। প্রয়োজনীয় ফি : কলেজ অফিস থেকে জেনে নিতে হবে।

০৬। ওরিয়েন্টেশন ক্লাস : ০১/০২/২০২৩ খ্রি. বুধবার, বেলা ১১:০০ টায়।

০৭। পোশাক :

ক) ছাত্র : সাদা ফুল হাতা শার্ট (বাম পকেটের উপরে কলেজের নির্ধারিত ব্যাজ সেলাইযুক্ত) ও কালো ফুল প্যান্ট।

খ) ছাত্রী : সাদা সেলোয়ার ও কামিজ (নির্ধারিত কলেজ ব্যাজ সেলাইযুক্ত), সাদা ওড়না ও সাদা বেল্ট।

\*\* ০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. ক্লাস শুরুর পরবর্তী সাতদিনের মধ্যে সকল শিক্ষার্থীর নির্ধারিত পোশাকে ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক।

০৮। শিক্ষা বোর্ড প্রদত্ত মেধা তালিকা অনুযায়ী শ্রেণি রোল প্রদান করা হবে।

০৯। শাখাভিত্তিক ০৩ (তিন) টি আবশ্যিক বিষয় ও ৪র্থ বিষয়সহ সকল পাঠ্য বিষয় ভর্তি ফরমে অবশ্যই যথাযথভাবে লিখতে হবে। অন্যথায় ফরম জমা নেয় হবে না।

#### সতর্কীকরণ :

(১) কলেজের সকল পাওনাদি সোনালী ব্যাংকের “সোনালী ই-সেবা” মোবাইল অ্যাপ অথবা কম্পিউটার ব্যবহার করে (বিকাশ/নগদ/উপায়/রকেট/ব্যাংক হিসাব/ক্রেডিট কার্ড/ভিসা কার্ড ইত্যাদি থেকে) সোনালী ব্যাংক গেটওয়ের মাধ্যমে জমা নেয়া হয় বিধায় ভর্তির জন্য অন্য কারো সাথে নগদ টাকা লেনদেন করার প্রয়োজন নাই। শিক্ষার্থী যে স্থানে অবস্থানে করছে সেখান থেকে নিজেই ভর্তি ফি জমা দিতে পারবে। কলেজের ওয়েবসাইটে প্রবেশ করে সোনালী ব্যাংকের ই-সেবা মেন্যু ব্যবহার করেও টাকা জমা দেয়া যাবে।

(২) শিক্ষার্থীর শিক্ষা বিরতি থাকলে শিক্ষা বোর্ড নির্ধারিত ফি প্রযোজ্য হবে।

(৩) ভুল-ত্রুটি এড়াতে ভর্তি সংক্রান্ত সকল কাজ শিক্ষার্থীকে নিজ হাতে সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া হলো। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়।

(৪) সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে বলা হলো।

কলেজের যে কোন বিষয় জানতে/সকল ধরনের নোটিশ পেতে প্রতিদিন কলেজের অফিসিয়াল ওয়েবসাইট ও ফেসবুক পেইজ নিয়মিত ভিজিট করুন।

কলেজের ওয়েবসাইট ঠিকানা : [www.gic.ac.bd](http://www.gic.ac.bd)

College Facebook page : সরকারি ইন্দুরকানী কলেজ

সঞ্জিত কুমার সাহা  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
সরকারি ইন্দুরকানী কলেজ  
ইন্দুরকানী, পিরোজপুর।

তারিখ : ১৯/০১/২০২৩ খ্রি.